

উপজেলা চোরাচালান প্রতিরোধ টাক্ষফোর্স কমিটির মার্চ/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহিন রেজা
উপজেলা নির্বাহী অফিসার
বাঘা, রাজশাহী।

সভার তারিখ : ১২/০৩/২০১৮ খ্রিঃ সভার সময় : সকাল ১০.০০ টা

সভার স্থান : উপজেলা পরিষদ সমেলন কক্ষ।

সভায় উপস্থিতি/অনুপস্থিতি সদস্যবৃন্দের তালিকা-পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভায় উপস্থিতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এবং আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসমতিক্রমে দৃঢ়ীকরণ হয়। সভায় উপস্থিতি বিভিন্ন বিভাগের প্রতিনিধিকে তাদের নিজ নিজ বিভাগের ফেড্রোয়ারী ২০১৮ মাসের প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে উপস্থিতি প্রতিনিধিগণ তাদের গৃহীত কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত প্রতিবেদনের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ১ বাঘা বিওপি'র সিজার লিস্ট

বাঘা বিওপি কমান্ডার আলোচনায় বলেন বর্তমানে চোরাচালান কর হচ্ছে। চোরাকারবারীরা অত্যন্ত গোপনীয়তার সাথে ভারতীয় ফেসিডিল, গাঁজা ও হিরোইন দেশের অভ্যন্তরে নিয়ে আসছে। বিজিবি দল সব সময় টহলরাত অবস্থায় আছে যেন কোন প্রকার চোরাকারবার না হয়। স্থানীয় জনপ্রতিনিধি ও জনগণের সহযোগিতা পাওয়া গেলে চলমান অভিযান আরো ফলপ্রসূ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। স্থানীয় জনপ্রতিনিধি ও জনগণকে দেশ ও যুব সমাজকে ধ্বংসের হাত হতে রক্ষার জন্য বিভিন্ন স্থানে উদ্বৃদ্ধকরণ সভা করার জন্য অনুরোধ করা হয়। পন্থ আটক বিষয়ে আলোচনা করেন।

ক্রমিক নং	বিওপি'র নাম	মালামালের বিবরণ	সংখ্যা	মূল্য
১	আলাইপুর	ভারতীয় ফেসিডিল	১২৫ বোতল	৫০,০০০/-
২	মীরগঞ্জ	ভারতীয় ফেসিডিল	১৬৬৭ বোতল	৬,৬৬,৮০০/-
		ভারতীয় গরু	০২টি	১,০০,০০০/-

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.১	সরকারী রাজস্ব যাতে বৃদ্ধি পায় সেদিকে নজর রাখতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।	কোম্পানী কমান্ডার বাঘা বিওপি
১.২	স্থানীয় জনপ্রতিনিধি ও জনগণকে দেশ ও যুব সমাজকে ধ্বংসের হাত হতে রক্ষার জন্য বিভিন্ন স্থানে উদ্বৃদ্ধকরণ সভা আরো বেশী বেশী করার সিদ্ধান্ত গৃহীত হয়	কোম্পানী কমান্ডার চারঘাট বিওপি ও চেয়ারম্যান, মনিহাম ও চকরাজাপুর ইউপি

আলোচ্য বিষয় ২ আটককৃত মালামালের মামলা সংক্রান্ত

বিওপি কমান্ডার বলেন চোরাকারবারীরা অভিনব কায়দায় চোরাচালান করে থাকে যা অনেক সময় বিজিবি সদস্যরা বুঝে উঠার আগেই অপরাধীরা অপরাধ সংঘটিত করে থাকে। স্থানীয় লোকজন বিভিন্ন তথ্য উপাত্ত দিয়ে সাহায্য করলে অভিযান আরো বেগবান ও ফলপ্রসূ হবে। নিয়মিত অভিযান চলাকালে প্রায়শই বিভিন্ন ধরণের অবৈধ মালামাল ধরা পড়ে। নিজস্ব সোর্সদের সংবাদের ভিত্তিতে অথবা টহল পার্টির অভিযানের সময় চোরাকারবারীরা মালামাল রেখে পালিয়ে যায় সে কারনে অপরাধীরা ধরা পড়ে না ফলে আসামীর নামে মামলা করা সম্ভব হয় না।

অন্তর্মুখী মামলার সংখ্যা	বর্ষিমুখী মামলার সংখ্যা	আসামী সহ মামলার সংখ্যা	আসামী বিহীন মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	মন্তব্য
-	-	০০	০৭	০৭	--

৪

বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।


ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	আটককৃত মালামাল ও আসামী বিষয়ে সঠিকভাবে মালা দায়ের করার অনুরোধ করা হয়।	কোম্পানী কমান্ডার, বাঘা বিওপি।
২.২	মালা সংক্রান্ত তথ্য নিয়মিত প্রদান করতে অনুরোধ করা হয়।	কোম্পানী কমান্ডার, বাঘা বিওপি।

আলোচ্য বিষয় ৪.৩ বিবিধ

বিজি'ব'র কোম্পানী কমান্ডার বলেন রাত্রীকালীন অর্থাৎ সন্ধ্যা ৬-০০টা হতে সূর্যোদয় পর্যন্ত পদ্মা নদীতে কোন ধরনের মাছ আহরণ করা যাবে না। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। কারণ মাছ ধরার ওছিলায় চোরাকারবারী, অন্ত্র ব্যবসায়ীরা সুযোগ নেয়। এতে করে দেশ ও জনগণ ক্ষতির সম্মুখিন হচ্ছে। স্থানীয় জন প্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিদের সহযোগিতা কামনা করেন। এছাড়া চেয়ারম্যান চকরাজাপুর বলেন মৎস্যজীবিদের জীবিকা নির্বাহের ব্যবস্থা না করে মাছ ধরা বন্ধ করা যাবে না। এ বিষয়ে সভায় মৎস্যজীবিদেরকে রাত্রীকালীন সময়ে মাছ ধরতে নির্ণসাহিত করতে ব্যাপক প্রচারণা চালানোর জন্য অনুরোধ জানানো হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩-ক	টাক্সফোর্স অভিযান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানী কমান্ডার, বাঘা বিওপি।
৩-খ	বাঘাপৌরসভার পদ্মানদী সংলগ্ন বিঞ্জি ওয়ার্ডে ও বিভিন্ন ইউনিয়ের পদ্মা নদীর তীরবর্তী এলাকায় ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত হয়।	মেয়র, বাঘা পৌরসভা, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, ও কোম্পানী কমান্ডার, বাঘা বিওপি।

পরিশেষে উপজেলার চোরাচালান প্রতিরোধ কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা ও চোরাচালান প্রতিরোধে সকল কর্তৃপক্ষের ও স্থানীয় জনপ্রতিনিধিদের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।



মোঃ শাহিন রেজা
উপজেলা নির্বাহী অফিসার
বাঘা, রাজশাহী
ফোন নং-০৭২৩০-৫৬০০২(অফিস)
E-mail:unobagha@mopa.gov.bd